

# বিপদ আহমেদ সাবের

নোয়াখালী ভাষার কবিতা

মিয়া বাইর মাইজ্যা হোলা গেছেগোই গোল্লায় ।  
বনে হান্দাই হেতেরে কাম্বাইছে বল্লায় ।  
কাম্বড় খাই বান্দর হোলা গাজ্জারে চিল্লায় ।  
হেতের বাপে চলি গেছে তবলিগী চিল্লায় ।  
হেতের বুজান কানে দরি, টানি হেতেরে আনি,  
বদনা দরি ঠেঙ্গের উরে ডালে ঠান্ডা হানি ।

ছোড মাইয়্যা বইছে খাইতো, কোয়ালে তার ঝাঁডা ।  
হাইঞ্জিন্নার আন্দারে হেতির গলায় বিন্দে কাঁডা ।  
কাঁডা ত' আর যা তা নয়, কই মাছের কাঁডা ।  
কাঁডার ঘাইয়ে অইলো মাইয়্যার জীবনটাই খাডা ।  
শূলের চোডে কান্দি মাইয়্যা চাইদর বরাইছে ।  
মাইয়্যার মা কান্দন দেই বউৎ ডরাইছে ।

বেক্কে মিলি চিল্লাই কয়, দইল্যে বিলাইর বইর ।  
যাইবো কাঁডা, খুঞ্জ বিলাই, খুঞ্জ নীচে চইর ।  
চিল্লানীর চোঁডে বিলাই হালদি উডে গাছে ।  
হেই রঙ্গে কুটনা বুই তিরিং তিরিং নাচে ।

## শব্দার্থ

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
মিয়া বাইর	মিয়া বাড়ীর	আন্দারে	অন্ধকারে
মাইজ্যা	মেঝো	হেতির	ওর (মহিলা)
হোলা	ছেলে	বিন্দে	বিঁধে
গেছেগোই	চলে গেছে	কাঁডা	কাঁটা
হান্দাই	তুকে	খাডা	টক
হেতেরে	ওকে (পুরুষ)	চাইদর	চাদর
কাম্বাইছে	কামড় দিয়েছে	বরাইছে	ভরিয়েছে
বল্লায়	বোলতায়	দেই	দেখে
গাজ্জারে	গায়ের জোরে	বেক্কে	সকলে
দরি	ধরি	দইল্যে	ধরলে
ঠেঙ্গের উরে	পায়ের উপরে	বিলাইর	বিড়ালের
ডালে	ঢালে	বইর	পা
হানি	পানি	খুঞ্জ	খুঁজ
ছোড মাইয়্যা	ছোট মেয়ে	চইর	চৌকির
কোয়ালে	কপালে	হালদি	লাফ দিয়ে
ঝাঁডা	ঝাটা	উডে	উঠে
হাইঞ্জিন্নার	সন্ধ্যার	বুই	বুড়ি